

ঢাকা কলেজ হোস্টেলে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ, আহত ১০

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা কলেজের ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছে। গত শুক্রবার গভীর রাতে এ ঘটনা ঘটে। আহতদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নেয়া হয়েছে। এর মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। পুলিশ জানায়, রাত ২টার নিকে ছাত্রাবাসে ছাত্রলীগের টিউ গ্রুপ ও আরেক গ্রুপের মধ্যে হলে সিট নিয়ে সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় দুই গ্রুপের ক্যাভারনের মধ্যে বা, হকিমিত ও হুড নিয়ে ধাওয়া-পাল্টা ধাওয়া ও হলের রুম ভাঙচুরের ভাব চলে। এক গ্রুপ আরেক গ্রুপের রুম ভাঙচুর করে। সংঘর্ষের সময় মো. কামরুল, জুয়েল, মনির ও মোহেলসহ প্রায় ১০ জন আহত হয়।

সূত্রগুলো জানায়, ছাত্রলীগের টিউ ও আরেক গ্রুপ বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকেই ঢাকা কলেজের ছাত্রাবাস নিয়ন্ত্রণ করে। এর মধ্যে এক গ্রুপ নতুন করে হলে ছাত্র ওঠাতে গেলে অন্য গ্রুপ বাধা দেয়। শুক্রবার রাতে নতুন করে এক ছাত্রকে হলে সিট নেয়াকে কেন্দ্র করে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ চলে।

পুলিশ জানায়, রাতে পুলিশ পরিষ্কারি নিয়ন্ত্রণ করলেও শনিবার কলেজ

কর্তৃপক্ষ টিউ ও আরেক গ্রুপের ক্যাভারনের সঙ্গে বৈঠক করে দুই পক্ষকে সতর্ক করে দেয়। তবে হলের কয়েকটি রুম ভাঙচুর ও তহনছ করা হলে কোন পক্ষ থেকে বানায় লিখিত মামলা রাত ৮টা পর্যন্ত হয়নি বলে পুলিশ জানায়।

সাধারণ ছাত্রদের অভিযোগ, ছাত্রলীগের দুই গ্রুপের মাঝে সাধারণ ছাত্রেরা অতিষ্ঠ। রাতে সংঘর্ষের সময় ছাত্রাবাসগুলোতে ঘুমন্ত ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। অনেকের নিরাপদ স্থানে গিয়ে অবস্থান নেয়।